95

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 JUL 1997 ..
পৃষ্ঠা ৭ কলাম ৭

# ৭ই জুলাই এসএসসি ও আজ ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশের সম্ভাবনা

ইত্তেফাক রিপোর্ট ॥ ৭ই জুলাই ঢাকা বোর্ডের ১৯৯৭ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ হইতে পারে। গতকাল (সোমবার) বোর্ডের একজন কর্মকর্তা এই ব্যাপারে ইঙ্গিত প্রদান করিয়াছেন। আজ (মঙ্গলবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাবনা রহিয়াছে। বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা বলিয়াছেন, ফলাফল প্রকাশের সকল প্রস্তুতি সম্পন্ন করা হইয়াছে। তিনি বলেন, আজ ফলাফল প্রকাশের চেষ্টা করা হইবে।

## ৮ই জুলাই চট্টগ্রাম বোর্ডের এসএসসি পরীক্ষার ফল

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে গত মার্চ-এপ্রিলে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ফলাফল আগামী ৮ই জুলাই প্রকাশিত হইবে।